

মুগ্ধিময়

জাবির ভর্তি পরীক্ষার অনলাইন রেজিস্ট্রেশন শুরু

জাবি প্রতিনিধি

০৯ মে ২০২৩, ২২:০৮:৫৬ | অনলাইন সংস্করণ



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) প্রতিনিধি পরীক্ষার অনলাইন রেজিস্ট্রেশন শুরু হয়েছে। রেজিস্ট্রেশন প্রক্রিয়া চলবে আগামী ৩১ মে রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত।

মঙ্গলবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের কাউন্সিল কক্ষে রেজিস্ট্রেশন কার্যক্রম উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. নূরুল আলম।

এর আগে, গত ১৭ এপ্রিল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ভর্তি পরীক্ষার পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়।

বিজ্ঞপ্তি অনুযায়ী, আগামী ৯ জুন থেকে প্রবেশপত্র ডাউনলোড শুরু হবে এবং পরীক্ষার সন্তাব্য তারিখ নির্ধারিত হয়েছে ১৬ থেকে ২৪ জুন পর্যন্ত। এছাড়াও এ সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট (<https://juniv-admission.org>)-এ পাওয়া যাবে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো. মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক) রহিমা কানিজ, ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) আবু হাসান, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিউটের পরিচালক এবং সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তা প্রমুখ।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023